প্রথম আলো

তারিখ 20 APR 2017
পৃষ্ঠা 6 কলাম 2



মাদক, ইভ টিজিং, জঙ্গি ও বাল্যবিবাহ রোধে তারাগঞ্জ উপজেলার ১৩৪টি বিদ্যালয়ের ৩৩ হাজার শিক্ষার্থী শপথ নেয়। ছবিটি গতকাল ইকরচালি উচ্চবিদ্যালয় থেকে তোলা ● প্রথম আলো

# তারাগঞ্জে ৩৩ হাজার শিক্ষার্থীর শপথ

তারাগঞ্জ (রংপুর) প্রতিনিধি ●

মাদক, ইভটিজিং, জঙ্গি ও বাল্যবিবাহ রোধে রংপুরের তারাগঞ্জ উপজেলার ১৩৪টি সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ৩৩ হাজার শিক্ষার্থী শপথ নিয়েছে। গতকাল বুধবার দুপুর পৌনে ১২টায় এই শপথ নেয় তারা। তারাগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবদুল লতিফ মিয়ার উদ্যোগে শিক্ষার্থীদের শপথ পাঠ করানো হয়। শপথ পাঠ করান মাদক প্রতিরোধ কমিটির সদস্য, পুলিশ, জনপ্রতিনিধি ও শিক্ষকেরা।

তারাগঞ্জ থানা সূত্রে জানা যায়, বেলা ১১টা ৪২ মিনিটে ইকরচালী উচ্চবিদ্যালয় মাঠে জগদীশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ইকরচালী উচ্চবিদ্যালয়, ইকরচালী ডিগ্রি কলেজ, ইকরচালী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ওকরাবাড়ি ফারুকিয়া আলিম মাদ্রাসা, ইকরচালী শিশু একাডেমিসহ আটটি শিক্ষাপ্রতিষ্ঠানের ৩ হাজার ৭০০ শিক্ষার্থীকে শপথ পাঠ করানো হয়। ওই শপথ পাঠ করান ওসি আবদুল লতিফ। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আনিছুর রহমান, রংপুরের জ্যেষ্ঠ সহকারী পুলিশ সুপার আরমান আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি সাইফুল ইসলাম এবং স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতা ও শিক্ষকেরা।

সূত্র আরও জানায়, ওই ৩ হাজার ৭০০ শিক্ষার্থী ছাড়াও পুরো উপজেলায় আরও ১২৬টি শিক্ষাপ্রতিষ্ঠানের ২৯ হাজার ৩০০ শিক্ষার্থীকে গতকাল ওই একই সময়ে শপথ পাঠ করানো হয়। ডাংগীরহাট স্কুল ও কলেজ, কাসিয়াবাড়ী স্কুল ও কলেজ, তারাগঞ্জ ও/এ উচ্চবিদ্যালয়, দাখিল মাদ্রাসাসহ ৪৭টি শিক্ষাপ্রতিষ্ঠানের মাঠে শিক্ষার্থীদের শপথ পাঠ করান পুলিশ কর্মকর্তা, মাদক প্রতিরোধ কমিটির সদস্য ও জনপ্রতিনিধিরা।

## বাল্যবিবাহ, মাদক ইভটিজিং ও জঙ্গিবাদ রোধ

ওসি আবদুল লতিফ মিয়া বলেন, ২০১৫ সালের ২২ নভেম্বর তিনি তারাগঞ্জে যোগদান করেন। ডিসেম্বর মাসে পাঁচ মাদকাসক্ত ব্যক্তির মা-বাবা ও স্ত্রী-সন্তানের কষ্টের কথা শুনে পুরো উপজেলাকে মাদকমুক্ত করার প্রয়োজনীয়তা উপলব্ধি করেন তিনি। তখনই শপথ করানোর এ পরিকল্পনা নেন। তাঁর কথা শুনে এগিয়ে আসেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আনিছুর রহমান। তিনি সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন।

তিনি আরও বলেন, উপজেলাকে মাদক, ইভটিজিং ও বাল্যবিবাহমুক্ত করার যে চেষ্টা তিনি করছেন, তার অংশ হিসেবে পাঁচটি ইউনিয়নের ৪৫ ওয়ার্ডে সভা করা হয়েছে। এসব সভায় জনপ্রতিনিধি, ইমাম, শিক্ষক-শিক্ষার্থী, রাজনৈতিক দলের নেতা-কর্মী, কৃষকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষকে যুক্ত করা হয়। তাঁদের মধ্য থেকে ২ হাজার ৫০০ জনকে নিয়ে ৫০টি মাদক ও বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি করা হয়। এসব কমিটির সদস্যরা এখন মাদক ও বাল্যবিবাহের কুফল সম্পর্কে মানুষকে সচেতন করতে এলাকায় কাজ করছেন। গতকাল এরই অংশ হিসেবে শিক্ষার্থীদের শপথ করানো হয়। এই শপথ অনুষ্ঠানে উপজেলার সরকারি, বেসরকারি মিলিয়ে মোট ১৩৪টি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ৩৩ হাজার শিক্ষার্থী অংশ নেয়। এই প্রক্রিয়া অব্যাহত থাকবে বলে জানান তিনি।

ইকরচালী উচ্চবিদ্যালয়ের সপ্তম শ্রেণির শিক্ষার্থী অনামিকা আক্তার বলে, 'আজ স্কুলে যেয়্যা মাদক, বাল্যবিবাহরে না বলি শপথ নিচি। এগুলো থেকে আমরা দূরে থাকমো এবং অন্যদেরও দূরে থাকার পরামর্শ দিমো।'

উপজেলা পরিষদের চেয়ারম্যান আনিছুর রহমান বলেন, ওসির এই উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসার দাবিদার।

উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি সাইফুল ইসলাম বলেন, ওসির এই উদ্যোগ অনুকরণীয় ও দৃষ্টান্তমূলক। এর ফলে শিক্ষার্থীরা মাদক, ইভটিজিং ও বাল্যবিবাহের ক্ষতিকর দিক সম্পর্কে আরও সচেতন হবে। তারা নিজেদের এসব থেকে দূরে রাখতে পারবে। অন্যদেরও সচেতন করতে পারবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর